

এইচএসসির ফল প্রকাশ

ফল পুনর্নিরীক্ষণের আবেদন শুরু সোমবার থেকেই



ছবি- শরিফুল ইসলাম তোতা/সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:৩৭ | আপডেট: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:৫৪



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলে ১১ বোর্ডে গড়ে পাসের হার ৭৮ দশমিক ৬৪ শতাংশ। জিপিএ ৫ পেয়েছেন ৯২ হাজার ৫৯৫ জন শিক্ষার্থী। পরীক্ষায় কেউ অকৃতকার্য হলে বা কাঞ্চিত ফল না পেলে, তা চ্যালেঞ্জ করার সুযোগ রয়েছে।

ফল পুনর্নিরীক্ষণের এ আবেদন আগামীকাল সোমবার থেকেই শুরু হচ্ছে। চলবে আগামী ৩ ডিসেম্বর পর্যন্ত। শুধু এসএমএসের মাধ্যমে এ ফল পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয়ক কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার সমকালকে বলেন, প্রকাশিত ফলে কেউ সংক্ষুল্প বা অসন্তুষ্ট হলে পুনর্নিরীক্ষণের আবেদন করতে পারবেন। অনলাইনে ঘরে বসেই আবেদন করা যাবে। বোর্ড তাঁর উত্তরপত্র যাচাই-বাচাই করে আবেদন নিষ্পত্তি করবে।

এদিকে ঢাকা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে ফল পুনর্নিরীক্ষণের আবেদন প্রক্রিয়ার বিস্তারিত জানানো হয়েছে। এতে বলা হয়, শুধু টেলিটকের প্রিপেইড নম্বর থেকে ফল পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে।

আবেদন করবেন যেভাবে

প্রথমে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখতে হবে। এরপর স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। উদাহারণ: RSC DHA 123456 174 লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। একাধিক বিষয়ের উত্তরপত্র পুনর্নিরীক্ষণের ক্ষেত্রে কমা দিয়ে সাবজেক্ট কোড এসএমএস করতে হবে। যেমন, 174, 175, 176।

এসএমএস দেওয়ার পর টেলিটক থেকে পিন নম্বরসহ কত টাকা কেটে নেওয়া হবে, তা জানিয়ে একটি ফিরতি এসএমএস আসবে। পিন নম্বরটি সংগ্রহ করে রাখতে হবে। এরপর এতে সম্মত হলে আবারও মেসেজ অপশনে RSC লিখে স্পেস দিয়ে

YES লিখে স্পেস দিয়ে 'পিন নম্বর' লিখে স্পেস দিয়ে নিজস্ব মোবাইল নম্বর (যে কোনো অপারেটর) লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। উদাহারণ: RSC YES PIN-NUMBER Mobile Number লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

বোর্ডের বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, প্রতি পত্রের ফল পুনর্নিরীক্ষার ফি ১৫০ টাকা। সে হিসাবে এইচএসসির প্রতি বিষয়ের (প্রথম ও দ্বিতীয়পত্র) পুনর্নিরীক্ষণের আবেদনের জন্য ফি ৩০০ টাকা নির্ধারণ করা হয়েছে। কারণ দুই পত্রের বিষয়ের ক্ষেত্রে দুটির জন্যই একসঙ্গে আবেদন করতে হবে।